

Set -1

বাংলা বিভাগ
যাদবপুর বিশ্ববিদ্যালয়
স্নাতকোত্তর প্রবেশিকা পরীক্ষা, ২০২২

১. নীচের যে কোনো একটি প্রসঙ্গ নিয়ে একটি নিবন্ধ লেখো।

২০ x ১ = ২০

ক. বাংলা শিশুসাহিত্যে মেয়েদের উপস্থিতি।

খ. মধ্যযুগের বাংলা সাহিত্যে শাজ বনাম শাজবিরোধিতা।

গ. তোমার স্নাতকোত্তর সিলেবাসে যে-উপন্যাসটি পড়তে পারলে তুমি খুশি হতে।

ঘ. তোমার মতে শ্রেষ্ঠ বাংলা-সাহিত্যের-ইতিহাস-বই।

ঙ. রবীন্দ্রনাথের উপন্যাসে 'বন্ধুত্ব'।

চ. বাংলা কবিতায় চিত্রকল্প।

ছ. স্নাতকোত্তর-স্তরে যে-বিষয়টি তুমি 'বিশেষপত্র' হিসেবে পড়তে চাও।

জ. 'বর্ণপরিচয়' বনাম 'সহজপাঠ'।

২. নীচে বিভিন্ন প্রসঙ্গে কয়েকটি মন্তব্য দেওয়া হল। যে-কোনো একটি নির্বাচন করে সে-প্রসঙ্গে তোমার অভিমত জানাও।

২০ x ১ = ২০

ক. 'মানবধর্ম ও বাংলা কাব্যে মধ্যযুগ' বইতে অরবিন্দ পোন্ধরের মন্তব্য, "মঙ্গলকাব্যে বাইরের ছাঁচটা পৌরাণিক, কিন্তু তার অন্তর সম্পদ মানবিক। বিভিন্ন দেবদেবীর জন্ম, ঘর সংসার, স্বপ্ন ও প্রাধান্যলাভের উপাখ্যান মঙ্গলকাব্যের উপজীব্য — ওটা তার বাইরের রূপ। কিন্তু, এই বহিরাবরণের মধ্যে যে কাহিনী রূপায়িত হয়েছে, তা একান্তভাবে মানবিক।"

খ. রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি'-পর্বের কবিতা প্রসঙ্গে 'রবীন্দ্রকাব্য প্রবাহ' বইতে প্রমথনাথ বিশীর মন্তব্য, "এই সময়টি রবীন্দ্রনাথের পক্ষে... একটা দুঃসময়। এই সময়ে শ্রেষ্ঠ অর্থ্য মানবসমাজ লাভ করে নাই, ভগবান লাভ করিয়াছেন। ইহাতে রবীন্দ্র-সাহিত্য বৈচিত্র্য লাভ করিয়াছে। কিন্তু কাব্যপ্রতিভা স্বধর্মচ্যুত হওয়ায় বাংলা কাব্যসাহিত্যের যে কতটা ক্ষতি হইয়া গেল, তাহা কেবল অনুমানই করিতে পারি, প্রমাণ করিবার উপায় নাই।"

গ. 'রবীন্দ্রনাথ ও উত্তরসাহক' প্রবন্ধে বুদ্ধদেব বসুর মন্তব্য, "নজরুল ইসলাম থেকে সুভাষ মুখোপাধ্যায়, দুই মহাযুদ্ধের মধ্যবর্তী অবকাশ — এই কুড়ি বছরে বাংলা কবিতার রবীন্দ্রাশ্রিত নাবালক দশার অবসান হ'লো।"

ঘ. 'ভাষাজিজ্ঞাসা' বইতে শিশিরিকুমার দাশের মন্তব্য, "ভাষার মধ্যে দুই আপাতবিরোধী শক্তির প্রক্রিয়া চলছে।... সমাজ চায় তাকে স্থায়িত্ব দিতে, অপরিবর্তনীয় রাখতে। অন্য দিকে সময়ের স্রোতে তার পরিবর্তন অপ্ৰতিরোধ্য। ভাষার মধ্যে একই সঙ্গে চলছে স্থাবরতা ও জলমতর যুগল ক্রিয়ার দ্বন্দ্ব।"

ঙ. 'বাংলাগল্প বিচিত্রা' বইতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সাহিত্য প্রসঙ্গে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের মন্তব্য, "...সমকালীন জীবন-সমস্যার কিছু বলিষ্ঠ রূপায়ণ এবং অন্তরাবেগের সঙ্গে দীর্ঘ বুদ্ধির আরো কিছু সংযোগ ঘটলে বিভূতিভূষণের সাহিত্য আরো ব্যাঙি, আরো মাহাত্ম্য লাভ করত। ... তারাশঙ্করের রম্ভতা, মানিকের বিজ্ঞান-বুদ্ধি বা প্রেমেন্দ্রের জীবন-তৃষ্ণা তাঁর মধ্যে নেই — কিন্তু এই তিনজনের মতোই জীবন এবং মানুষের প্রতি তাঁর অকৃপণ মমতা আছে।"

৩. সর্ধকিঞ্চ টীকা লেখো। যে কোনো দুটি।

৫ x ২ = ১০

ক. শঙ্করীপ্রসাদ বসু রচিত 'মধ্যযুগের কবি ও কাব্য'।

খ. আশুতোষ ভট্টাচার্য রচিত 'বাংলা মঙ্গলকাব্যের ইতিহাস'।

গ. সুখময় মুখোপাধ্যায় রচিত 'মধ্যযুগের বাংলা সাহিত্যের তথ্য ও কাপক্রম'।

ঘ. 'বঙ্গদর্শন'

ঙ. 'রবিজীবনী'

চ. 'তিতাস একটি নদীর নাম'

ছ. আবু সয়ীদ আইয়ুব ও হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় সম্পাদিত 'আধুনিক বাংলা কবিতা'।

জ. সৈয়দ মুজতবা আলী

ঝ. শিবরাম চক্রবর্তী

ঞ. 'আমি কীরকমভাবে বেঁচে আছি'

ট. আগাথা ক্রিস্টি

ঠ. সাদাত হসন মাস্টো